



ওমানে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় একই এলাকার সাত বাংলাদেশি প্রাণ হারালেন



সংগৃহীত ছবি

ওমানের দুকুম সিদরা এলাকায় সড়ক দুর্ঘটনায় চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলার সাতজন বাংলাদেশি নিহত হয়েছেন। তারা সবাই মাছ ধরার কাজে নিযুক্ত ছিলেন।

দুর্ঘটনার পর মরদেহগুলো দুকুম হাসপাতালের মর্গে রাখা হয়েছে।

মধ্যপ্রাচ্যের দেশ ওমানে ভয়াবহ সড়ক দুর্ঘটনায় কমপক্ষে সাত বাংলাদেশি নিহত হয়েছেন। বুধবার (৮ অক্টোবর) স্থানীয় সময় বিকেলে দুকুম সিদরা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহতদের সবাই চট্টগ্রামের সন্দ্বীপ উপজেলার সারিকাইত ইউনিয়নের বাসিন্দা।

নিহতদের মধ্যে পাঁচজনের পরিচয় জানা গেছে। তারা হলেন বাবলু, সাহাবুদ্দিন, আমিন সাওদাগর, আরজু ও রকি। বাকিদের পরিচয় এখনো নিশ্চিত করা যায়নি। স্থানীয় সূত্রে জানা গেছে, দুকুম সাগর এলাকা থেকে মাছ ধরে ফেরার পথে প্রবাসীদের বহনকারী গাড়িটি নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনায় পড়ে। এতে ঘটনাস্থলেই সাতজনের মৃত্যু হয়।

বর্তমানে মরদেহগুলো দুকুম হাসপাতালের মর্গে রাখা হয়েছে এবং দুর্ঘটনা তদন্তে স্থানীয় প্রশাসন কাজ শুরু করেছে।

উল্লেখ্য, ওমান বাংলাদেশ থেকে জনশক্তি রফতানির একটি প্রধান গন্তব্য। হাজার হাজার বাংলাদেশি শ্রমিক সেখানে কর্মরত রয়েছেন। সৌদি আরব ও সংযুক্ত আরব আমিরাতের পর দেশটি বাংলাদেশের শ্রমবাজারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।